# শেরপুরে ভোট কেন্দ্র থেকে ব্যালট বই চুরি ধানের শীষের সিলসহ উদ্ধার




ছবি: সংগৃহীত

শেরপুর সদর উপজেলার চর মোচরিয়া ইউনিয়নের নলবাইদ দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে তিনটি ব্যালট বই চুরি হওয়ার ঘটনা ঘটেছে। এর মধ্যে একটি উদ্ধার করা সম্ভব হয়েছে। ঘটনা ঘটে বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে।

কেন্দ্রের প্রিসাইডিং অফিসার মো. শাহিদুল ইসলাম জানান, সকাল থেকে ভোটগ্রহণ স্বাভাবিকভাবে চলছিল। সকাল ১০টার আগে কয়েকজন অচেনা ব্যক্তি কেন্দ্রে প্রবেশ করে দুটি কক্ষ থেকে তিনটি ব্যালট বই নিয়ে যায়। এই বইগুলোর মধ্যে দুটি জাতীয় সংসদ নির্বাচনের এবং একটি গণভোটের ছিল। উদ্ধার হওয়া বইয়ে ধানের শীষ প্রতীকে ভোট দেওয়া হয়েছিল। তবে বাকি একটি জাতীয় সংসদ ও একটি গণভোটের বই এখনও পাওয়া যায়নি। ঘটনার খবর প্রশাসনের কাছে জানানো হয়েছে। সেনাবাহিনী ও পুলিশ কেন্দ্রে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছে।

এর আগে, শেরপুরের তিনটি সংসদীয় আসনের মধ্যে শেরপুর-৩ আসনে ভোট স্থগিত থাকলেও শেরপুর-১ ও শেরপুর-২ আসনে সকাল ৭টা থেকে ভোট শান্তিপূর্ণভাবে শুরু হয়। ভোটারদের মধ্যে সকালভোরে উপস্থিতি কম থাকলেও ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে।

শেরপুর-১ আসনে ১টি পৌরসভা ও ১৪টি ইউনিয়নের মোট ভোটার ৪ লাখ ৫০ হাজার ৪৮৮ জন। এর মধ্যে পুরুষ ২ লাখ ২৪ হাজার ৪৭২ জন, নারী ২ লাখ ২৬ হাজার ৮ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৮ জন। এখানে ১৪৫টি কেন্দ্র রয়েছে, যার মধ্যে ২৪টি অধিক গুরুত্বপূর্ণ, ৪০টি গুরুত্বপূর্ণ এবং ৮১টি সাধারণ। সব কেন্দ্রে ভোটগ্রহণ চলছে।